



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯১/২২

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন তথ্যের ভিত্তিতে ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ১৬.৪০ ঘটিকায় বাগেরহাট জেলার মোল্লারহাট থানাধীন চুনখোলা বাজার এলাকা থেকে “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর ০১ (এক) জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- শফিকুল ইসলাম (২৬), পিতা- মোল্লা গোলাপ হোসেন, মাতা- মনোয়ারা বেগম, গ্রাম- চুনখোলা, থানা- মোল্লারহাট, জেলা- বাগেরহাট। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট ও ০২ টি সীম কার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী শফিকুল ইসলাম তার ফেসবুক আইডি ও এনক্রিপ্টেড চ্যাট গ্রুপে বাংলাদেশে সক্রিয় অন্যান্য জঙ্গি সংগঠনের সাথে যোগাযোগ ও অস্ত্র সংগ্রহ করতে উদ্বুদ্ধ করত। সে দেশ থেকে ইসলাম বিরোধী কাজ দূর করে যে কোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে সশস্ত্র যুদ্ধে উদ্বুদ্ধ করার জন্য নিষিদ্ধ ও উগ্রবাদী সংগঠনগুলোর উগ্রবাদী কন্টেন্ট ও ভিডিও লাইক, কमेंট ও শেয়ার করে আসছিল। সে অনলাইনে তার সহযোগী একাধিক আইডির সাথে জিহাদ এবং দেশ বিরোধী পরিকল্পনা করত। তার ফেসবুক আইডি “Sagor Molla” এর মাধ্যমে সে সরকার বিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা, প্রশিক্ষণ, অস্ত্র ও বোমা সংগ্রহের চেষ্টা করে আসছিল। নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর কার্যক্রম পরিচালনার মাধ্যমে সে খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করছিল। তার ব্যবহৃত মোবাইল সেট থেকে লগইন অবস্থায় জিহাদের প্রস্তুতি বিষয়ক আলোচনা ও বাংলাদেশ সরকার বিরোধী ষড়যন্ত্র সংক্রান্তে বিভিন্ন লিংক পাওয়া গিয়েছে।

আসামী শফিকুল (২৬) নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্রের সহযোগিতা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১৩ ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।


১৬/০২/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ ঢাকা

Email: atu.spma@police.gov.bd